

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.bbs.gov.bd

নং: ৫২.০১.০০০০.৪০৯.৫৪.৩৭৯.২৩- ৩৮০১

তারিখঃ ০৫ অগস্ট, ২০২৩  
২৫ আগস্ট, ২০২৩

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণকৃত ট্যাবে ব্যবহৃত রবি সিম (SIM) বায়োমেট্রিক রেজিস্ট্রেশন সংক্রান্ত।**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ শীর্ষক প্রকল্পের আওতায় দেশব্যাপী শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম ট্যাবলেটের মাধ্যমে CAPI পদ্ধতিতে ১৫-২১ জুন ২০২২ সময়ে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। দেশের প্রথম ডিজিটাল শুমারি পরিচালনার জন্য জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মাধ্যমে ৩৯৫০০০ (তিন লক্ষ পঁচাত্তর হাজার) ওয়ালটন ট্যাব এবং ট্যাবলেটে ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য ৩৯৫০০০ (তিন লক্ষ পঁচাত্তর হাজার) রবি সিম ক্রয় করা হয়। বিবিএস এর বিভিন্ন উইং, প্রকল্প, কর্মসূচি এবং মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয়ের জন্য সংরক্ষিত রেখে অবশিষ্ট ১০১১৪৮ (দুই লক্ষ এক হাজার এক শত আটচল্লিশ) ট্যাব সিমসহ মেধাবী শিক্ষার্থীদের বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে বিবিএস এর প্রয়োজনের অতিরিক্ত ট্যাব সমূহ ট্যাব বিতরণ গাইডলাইন অনুযায়ী রবি সিম (SIM) সহ উপজেলাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীদের বিতরণ করা হয়েছে। ট্যাব বিতরণ গাইডলাইন এর “অনুচ্ছেদ ৮: সিম (SIM) রেজিস্ট্রেশন সংক্রান্ত” অংশে উল্লেখ রয়েছে “রবি সিম (SIM) সহ ট্যাবসমূহ উপজেলাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমান সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের বিতরণ করতে হবে এবং সিমগুলো তাদের নামে নিবন্ধন করতে হবে। উল্লেখ্য, রবি সিম (SIM) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের নামে নিবন্ধিত; শিক্ষার্থীদের জাতীয় পরিচয়পত্র না থাকলে তাদের পিতা/ মাতা/ আইনানুগ অভিভাবক (প্রয়োজ্যক্ষেত্রে) এর নামে বিনা খরচে রবি’র যে কোনো সার্ভিস পয়েন্ট/ সেন্টার থেকে নিবন্ধন করতে পারবেন”।

০৩। রবি সিমসমূহ শিক্ষার্থী/অভিভাবক এর নামে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশনা দেয়া হলেও, অধিকাংশ শিক্ষার্থীরাই কার্যক্রমটি সম্পন্ন করেনি। উপরন্তু সিমসহ কিছু ট্যাব হারিয়ে গেছে/চুরি হয়েছে মর্মে বিভিন্ন পুলিশ থানা থেকে প্রকল্পের সাথে যোগাযোগ করা হয়েছে। এছাড়াও সিম ব্যবহার করে জনগণের সাথে প্রতারণা করে টাকা হাতিয়ে নেয়া হয়েছে মর্মেও অভিযোগ রয়েছে। বিষয়টি খুবই দুঃখজনক।


০৪। উল্লেখ্য, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ক্রয়কৃত ৩৯৫০০০ (তিন লক্ষ পঁচাত্তর হাজার) সিমের সকল রবি সিম কন্ট্রোল পোর্সনে জনাব প্রলয় কুমার গোস্বামী, প্রোগ্রামার, বিবিএস এর জাতীয় পরিচয়পত্র নং- ১৯৮৮৭৬১১৯১৫০০০০১২ এর নামে নিবন্ধিত রয়েছে। বর্ণিত প্রলয় কুমার, আপনার আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীদের বিতরণ মাঝে বিতরণকৃত ট্যাব এ ব্যবহৃত রবি সিম (SIM) বায়োমেট্রিক রেজিস্ট্রেশন করা একান্ত জরুরি। আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের ট্যাবে ব্যবহৃত রবি সিম (SIM) আগামী ১৫/০৯/২০২৩ তারিখের মধ্যে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা ও উক্ত কার্যক্রম যথাযথভাবে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। বিশেষভাবে উল্লেখ্য, ১৫/০৯/২০২৩ তারিখের পরে সকল অনিবন্ধিত রবি সিম (SIM) ব্লক করে দেওয়া হবে।

০৫। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ এবং জাতীয় স্বার্থ সম্পর্কিত।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস  
..... উপজেলা (সকল)

মো: সতিয়ুর রহমান  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
☎ ০২-৫৫০০৭০৫৬  
ইমেইল: dg@bbs.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়  
বোয়ালখালী, চট্টগ্রাম।  
www.boalkhali.chittagong.gov.bd



সারক নং-০৫.২০.১৫১২.০০০.২৩.০০২.১৭- ৬০০১

তারিখঃ ২১.০৮.২০২৩খ্রি.

বগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধসহ পত্রের অনুলিপি প্রেরণ করা হলো।

আলাউদ্দিন

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
বোয়ালখালী, চট্টগ্রাম  
উপজেলা পরিসংখ্যান অফিসার  
বোয়ালখালী, চট্টগ্রাম

উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)  
বোয়ালখালী, চট্টগ্রাম  
ফোন : ০২৩৩৪৪৫৭৪৭৯  
unoboalkhali@mopa.gov.bd